# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ সিয়াম ও রোযা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

স্ত্রীর দেহাঙ্গের যে কোন অংশ দেখা রোযাদার স্বামীর জন্য বৈধ কি?

স্ত্রীর দেহাঙ্গের যে কোন অংশ দেখা রোযাদার স্বামীর জন্যও বৈধ। অবশ্য একবার দেখার ফলেই চরম উত্তেজিত হয়ে কারো মাযী বা বীর্যপাত ঘটলে কোন

ক্ষতি হবে না। ২৯৬ (বুখারী ১৯২৭ নং দ্রঃ)কারণ, অবৈধ নজরবাজীর ব্যাপারে মহানবী (সঃ) বলেন, “প্রথম দৃষ্টি তোমাদের জন্য বৈধ। কিন্তু দ্বিতীয় দৃষ্টি বৈধ নয়।” ২৯৭ (আবূ দাঊদ ২১৪৯, তিরমিযী ২৭৭৮, সহীহ আবূ দাঊদ ১৮৮১ নং)তাছাড়া দ্রুতপতনগ্রস্ত এমন দুর্বল স্বামীর এমন ওজর গ্রহণযোগ্য।

পক্ষান্তরে কেউ বরাবর দেখার ফলে মাযী নির্গত করলে রোযার কোন ক্ষতি হয় না। কিন্তু বারবার দেখার ফলে বীর্যপাত করে ফেললে রোযা নষ্ট হয়ে যাবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=223

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন